বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

Web: www.bcic.gov.bd

নং-৩৬.০১.০০০০.৪৮৬.৩১.০০১.২৫/২১১২(২০২৫/৩৮).৩৪৪ তারিখঃ ১৭/০৯/২০২৫ খ্রি.

## বোর্ড স্মারক

১৫/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি পরিচালনা পর্ষদের ২১১২(২০২৫/৩৮) তম সভায় গৃহীত সিদ্ধান্ত/সিদ্ধান্তবলি নিম্নে উদ্ধৃত করা হলো:

বিষয়ঃ সংস্থাধীন কারখানাসমূহের অভিজ্ঞ প্রাক্তন ও বর্তমান কারিগরি কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং কাফকো'র অভিজ্ঞ কর্মকর্তাদের নিকট থেকে প্রয়োজনীয় কারিগরি সেবা গ্রহণের নিমিত্ত সম্মানীর হার অনুমোদন প্রসঙ্গে।

**আলোচনা:**

পরিচালক (কা. ও প্র.) এর অতিরিক্ত দায়িত্ব পালনকারী পরিচালক (অর্থ), বিসিআইসি'র এমটিএস বিভাগ হতে প্রেরিত কার্যপত্রে বর্ণিত সংস্থাধীন কারখানাসমূহের অভিজ্ঞ প্রাক্তন ও বর্তমান কারিগরি কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং কাফকো'র অভিজ্ঞ কর্মকর্তাদের নিকট থেকে প্রয়োজনীয় কারিগরি সেবা গ্রহণের নিমিত্ত সম্মানীর হার অনুমোদনের বিষয়টি বোর্ডে উপস্থাপন করেন।

২। বোর্ডের পরিচালকবৃন্দ বিষয়টি নিয়ে আলোচনা করেন। আলোচনাকালে কার্যপত্র হতে বোর্ড লক্ষ্য করে যে, গত ২৫/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি পরিচালনা পর্ষদের ২১০৯(২০২৫/৩৫) তম সভায় গৃহীত সিদ্ধান্তের ১৩ নং আলোচ্য সূচীতে সংস্থাধীন কারখানাসমূহের অভিজ্ঞ প্রাক্তন ও বর্তমান কারিগরি কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং কাফকো'র অভিজ্ঞ কর্মকর্তাদের নিকট থেকে প্রয়োজনীয় কারিগরি সেবা গ্রহণের নিমিত্ত সম্মানীর হার অনুমোদন শীর্ষক প্রস্তাবনা আনা হয়। প্রস্তাবনাটির ক) দিনব্যাপী বিশেষজ্ঞ সেবা গ্রহণের ক্ষেত্রে ছক সমূহের ক্রমিক নং-৩ এবং ক্রমিক নং-৫ এ ভুলবশত: যথাক্রমে প্রাক্তন প্রধান রসায়নবিদ এবং প্রধান রসায়নবিদ সংযোজন করা হয়নি। তাছাড়া খ) বিশেষজ্ঞ সার্ভিস (মিটিং) এর ক্ষেত্রে ছকটির নামের বর্ণনায় ভুলক্রমে দিনব্যাপী শব্দটি লিখা হয়েছে যা বাদ দেয়া প্রয়োজন।

৩। বিষয়টির প্রস্তাব অংশে পরিমার্জনপূর্বক পুনরায় অনুমোদনের নিমিত্ত বিসিআইসি বোর্ডে উপস্থাপন করা হয়েছে।

**বোর্ডসভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

**সিদ্ধান্ত:**

বিসিআইসি'র এমটিএস বিভাগের প্রস্তাব মোতাবেক ২৫/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি পরিচালনা পর্ষদের ২১০৯(২০২৫/৩৫) তম সভায় এতদসংক্রান্ত গৃহীত সিদ্ধান্ত আংশিক সংশোধন করত: কারখানাসমূহের কারিগরি সমস্যা সমাধানে সংস্থাধীন কারখানার অভিজ্ঞ বর্তমান ও প্রাক্তন দক্ষ কর্মকর্তা/ কর্মচারী/টেকনিশিয়ান/অপারেটর ও কাফকোর অভিজ্ঞ কর্মকর্তাদের এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে অভিজ্ঞ শিক্ষকদের নিকট থেকে কারিগরি সেবা গ্রহণের বিপরীতে আয়করসহ সম্মানী ভাতা নিম্নোক্তভাবে নির্ধারণের অনুমোদন দেয়া হলোঃ

ক) দিনব্যাপী বিশেষজ্ঞ সেবা গ্রহণের ক্ষেত্রে:

| ক্র. নং | বিবরণ | সম্মানী ভাতার হার (আয়করসহ) |
|---|---|---|
| ০১ | বুয়েটসহ দেশের যেকোন প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য সরকারি বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ/কাফকোসহ যে কোন বহুজাতিক কোম্পানির প্রধান নির্বাহী/পরিচালক/ বিসিআইসি'র প্রাক্তন চেয়ারম্যান/পরিচালক/মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তরসহ অন্য সংস্থার প্রতিনিধি (যুগ্ম সচিব/সমমর্যাদার কর্মকর্তার নিম্নে নহে)/সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী/সমমর্যাদার অন্যান্য বিশেষজ্ঞগণ | ১০,০০০/- (দশ হাজার) |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্র. নং | বিবরণ | সম্মানী ভাতার হার (আয়করসহ) |
|---|---|---|
| ০২ | বিসিআইসি'র প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক/প্রাক্তন উর্ধ্বতন মহাব্যবস্থাপক/সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে প্র্যাকটিসরত আইনজীবী | ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) |
| ০৩ | বিসিআইসি'র প্রাক্তন মহাব্যবস্থাপক/প্রাক্তন প্রধান প্রকৌশলী/প্রাক্তন প্রধান রসায়নবিদ/ বিসিআইসি'র বর্তমানে কর্মরত পরিচালক | ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) |
| ০৪ | মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তরসহ অন্য সংস্থার প্রতিনিধি (উপ-সচিব/সমমর্যাদার কর্মকর্তার নিম্নে নহে) এবং বিসিআইসি'র প্রাক্তন উপ মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান রসায়নবিদ | ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) |
| ০৫ | বিসিআইসি'র বর্তমানে কর্মরত ব্যবস্থাপনা পরিচালক/উর্ধ্বতন মহাব্যবস্থাপক/প্রধান প্রকৌশলী/প্রধান রসায়নবিদ/মহাব্যবস্থাপক এবং বিসিআইসি'র প্রাক্তন ব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী/উপ-প্রধান রসায়নবিদ | ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) |
| ০৬ | বিসিআইসি'র বর্তমানে কর্মরত উপ-মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান রসায়নবিদ, ব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী/উপ-প্রধান রসায়নবিদ এবং বিসিআইসি'র প্রাক্তন উপ-ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী/রসায়নবিদ | ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) |
| ০৭ | বিসিআইসি'র বর্তমানে কর্মরত উপ-ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী/রসায়নবিদ, সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী/সহকারী রসায়নবিদ এবং বিসিআইসি'র প্রাক্তন সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী/সহকারী রসায়নবিদ | ৪,০০০/- (চার হাজার) |
| ০৮ | বিসিআইসি'র প্রাক্তন মাস্টার টেকনিশিয়ান/মাস্টার অপারেটর সমমর্যাদার | ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) |

খ) বিশেষজ্ঞ সার্ভিস (মিটিং) এর ক্ষেত্রে:

| ক্র. নং | বিবরণ | সম্মানী ভাতার হার (আয়করসহ) |
|---|---|---|
| ০১ | বুয়েটসহ দেশের যেকোন প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য সরকারি বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ/কাফকোসহ যে কোন বহুজাতিক কোম্পানির প্রধান নির্বাহী/পরিচালক/ বিসিআইসি'র প্রাক্তন চেয়ারম্যান/পরিচালক/মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তরসহ অন্য সংস্থার প্রতিনিধি (যুগ্ম সচিব/সমমর্যাদার কর্মকর্তার নিম্নে নহে)/ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী/সমমর্যাদার অন্যান্য বিশেষজ্ঞগণ | ৬,০০০/- (ছয় হাজার পাঁচশত) |
| ০২ | বিসিআইসি'র প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক/প্রাক্তন উর্ধ্বতন মহাব্যবস্থাপক/সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে প্র্যাকটিসরত আইনজীবী | ৫,০০০/- (পাঁচ হাজার) |
| ০৩ | বিসিআইসি'র প্রাক্তন মহাব্যবস্থাপক/প্রাক্তন প্রধান প্রকৌশলী/প্রাক্তন প্রধান রসায়নবিদ/ বিসিআইসি'র বর্তমানে কর্মরত পরিচালক | ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) |
| ০৪ | মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তরসহ অন্য সংস্থার প্রতিনিধি (উপ-সচিব/সমমর্যাদার কর্মকর্তার নিম্নে নহে) এবং বিসিআইসি'র প্রাক্তন উপ মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান রসায়নবিদ | ৪,০০০/- (চার হাজার) |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| ক্র. নং | বিবরণ | সম্মানী ভাতার হার (আয়করসহ) |
|---|---|---|
| ০৫ | বিসিআইসি'র বর্তমানে কর্মরত ব্যবস্থাপনা পরিচালক/উর্ধ্বতন মহাব্যবস্থাপক/প্রধান প্রকৌশলী/প্রধান রসায়নবিদ/মহাব্যবস্থাপক এবং বিসিআইসি'র প্রাক্তন ব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী/উপ-প্রধান রসায়নবিদ | ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) |
| ০৬ | বিসিআইসি'র বর্তমানে কর্মরত উপ-মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান রসায়নবিদ, ব্যবস্থাপক/উপ প্রধান প্রকৌশলী/উপ-প্রধান রসায়নবিদ এবং বিসিআইসি'র প্রাক্তন উপ-ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী/রসায়নবিদ | ৩,০০০/- (তিন হাজার) |
| ০৭ | বিসিআইসি'র বর্তমানে কর্মরত উপ-ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী/রসায়নবিদ, সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী/সহকারী রসায়নবিদ এবং বিসিআইসি'র প্রাক্তন সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী/সহকারী রসায়নবিদ | ২,০০০/- (দুই হাজার) |
| ০৮ | বিসিআইসি'র প্রাক্তন মাস্টার টেকনিশিয়ান/মাস্টার অপারেটর সমমর্যাদার | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) |

উক্ত সিদ্ধান্ত/সিদ্ধান্তবলি বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহ প্রতিবেদন আকারে বিসিআইসি পরিচালনা পর্ষদের অবগতির জন্য ১০(দশ) কর্মদিবসের মধ্যে বোর্ড ও সমন্বয় উপ-বিভাগে প্রেরণের জন্য হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি এবং বিভাগীয় প্রধান (এমটিএস), বিসিআইসি-কে অনুরোধ জানানো হলো।

**বাস্তবায়নে:**

১। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি

২। বিভাগীয় প্রধান (এমটিএস), বিসিআইসি।

২৭/০৭/২০২৩

(মোঃ আনোয়ার হোসেন)
উর্ধ্বতন মহাব্যবস্থাপক, বোর্ড ও সমন্বয়

বিতরণ:

১। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি

২। বিভাগীয় প্রধান (এমটিএস), বিসিআইসি।

অনুলিপি:

১। পরিচালক (অর্থ), বিসিআইসি

২। পরিচালক (কা. ও প্র.), বিসিআইসি

৩। ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক/প্রকল্প পরিচালক, সংস্থাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প।

৪। চিফ অডিটর, বিসিআইসি

৫। সংশ্লিষ্ট নথি

৬। মূখ্য নথি।